দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 FEB 2009
পৃষ্ঠা ... কলাম ...

# সন্ত্রাসী তৎপরতায় জড়িত ছাত্রলীগ নেতা-কর্মীদের শনাক্ত করছে গোয়েন্দারা

শামীম সিদ্দিকী

বাংলাদেশ ছাত্রলীগের যেসব নেতা-কর্মীর বিরুদ্ধে সন্ত্রাসী তৎপরতার অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে সরকার এবং যারা সন্ত্রাসী তৎপরতায় লিপ্ত তাদের শনাক্ত করার কাজ শুরু করেছে দেশের গোয়েন্দা সংস্থাগুলো। সরকারের উচ্চ পর্যায়ের একটি সূত্র এ তথ্য জানিয়েছে। দেশের আইনশৃংখলার পরিবেশ বজায় রাখার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতোমধ্যেই স্বরাষ্ট্রমন্ত্রী, পুলিশের আইজিপি ও র‌্যাবের ডিজিকে

পৃঃ ৫ কঃ ২

## সন্ত্রাসী তৎপরতায় জড়িত ছাত্রলীগ

*প্রথম পৃষ্ঠার পর*

নির্দেশ দিয়েছেন। ছাত্রলীগের ৬১ বছর উপলক্ষে আয়োজিত পুনর্মিলনী সভায়ও প্রধানমন্ত্রী ও সংগঠনের সাংগঠনিক নেত্রী শেখ হাসিনা ছাত্রলীগের নেতা-কর্মীদের উদ্দেশে কঠোর হুঁশিয়ারী উচ্চারণ করে বলেছেন, ছাত্র রাজনীতির নামে সন্ত্রাস-চাঁদাবাজি বরদাশত করা হবে না। ছাত্র হোক আর যেই হোক আইনশৃংখলার অবনতি ঘটালে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ ঘোষণা শহর-বন্দর ও গ্রাম-গঞ্জের আওয়ামী লীগের সব সহযোগী সংগঠনের নেতা-কর্মীর জন্য একটি বিশেষ বার্তা বলেই জানা গেছে। সূত্র জানায়, আইনশৃংখলার পরিবেশ বজায় রাখার জন্য দলীয় প্রধান শেখ হাসিনার এটি একটি বার্তা হিসাবেই দিয়েছেন। এদিকে গতকাল আওয়ামী লীগের মুখপাত্র ও স্থানীয় সরকারমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম সাংবাদিকদের বলেছেন, বাংলাদেশ ছাত্রলীগের যারা আইনশৃংখলার বিঘ্ন সৃষ্টি করেছে তাদের চিহ্নিত করে শাস্তি দেয়া হবে। তিনি বলেন, আইনশৃংখলা বিঘ্ন সৃষ্টিকারী দায়ী ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে ইতোমধ্যেই ব্যবস্থা নেয়া হয়েছে। সরকারের একটি সূত্র জানায়, সরকার পরিচালনায় সামনের সময়গুলোতে আওয়ামী লীগের অঙ্গ-সহযোগী সংগঠনের কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের নেতা-কর্মীদের বিরুদ্ধে আইনশৃংখলা বিঘ্ন ঘটানোর অভিযোগ প্রমাণিত হলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ইতোমধ্যেই নির্দেশ দেয়া হয়েছে। সরকারের নির্দেশ মতে ইতিমধ্যে আইনশৃংখলা বিঘ্নকারীদের শনাক্তকরণের কার্যক্রম শুরু করেছে গোয়েন্দা সংস্থাগুলো। জানা গেছে, আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোট সরকার গঠনের পর দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে হল দখলের নামে ছাত্রলীগের যেসব নেতা-কর্মী নিজেরা নিজেরা মারামারি করে আইনশৃংখলার অবনতি ঘটিয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার জন্য শনাক্তকরণের কাজ শুরু করেছে গোয়েন্দা সংস্থাগুলো। এদিকে দলীয় সূত্র জানায়, পল্টন ময়দানে সংগঠনের ৬১ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত পুনর্মিলনী সভায় চেয়ারে বসা নিয়ে ছাত্রলীগের যেসব নেতা একে-অপরের উপরে চেয়ার ছোড়াছুড়ি করে অনুষ্ঠানের বিঘ্ন সৃষ্টি করেছে তাদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেবে ছাত্রলীগের কেন্দ্রীয় ওয়ার্কিং কমিটি।